

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৩/০৭/২০২০ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে বর্তমান সরকার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে সেকন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর আওতায় “সমন্বিত উপবৃত্তি কর্মসূচি” প্রণয়ন করেছে। এ কর্মসূচির আওতায় রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে নিয়মিতভাবে ভর্তিকৃত শিক্ষার্থীকে উপবৃত্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন আগামী ২০/০৮/২০২০ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে অবশ্যই দাখিল করার জন্য নির্দেশ দেয়া গেল। পরিপত্র মোতাবেক উপবৃত্তি প্রাপ্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটি কর্তৃক যোগ্য শিক্ষার্থী বাছাই, নির্বাচন ও প্রাথমিক খসড়া তালিকা (ছাত্রী ৪০% এবং ছাত্র ২০%) প্রণয়ন করে কলেজের ওয়েবসাইট/নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এমতাবস্থায় বাছাইকৃত শিক্ষার্থীদের অনলাইন একাউন্ট G2P খোলা, HSPMIS সফটওয়্যারে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির বিষয়ে পরবর্তীতে নির্দেশনা দেয়া হবে।


অনুসরণীয়:

- ১। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে নিয়মিত ভর্তি এবং দ্বাদশ নির্বাচনী পরীক্ষায় বিরতিহীনভাবে উত্তীর্ণ হয়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ সম্পূর্ণ করতে হবে।
- ২। এইচএসসি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করা পর্যন্ত অবিবাহিত থাকতে হবে।
- ৩। শিক্ষার্থীর পিতা/অভিভাবক এর বার্ষিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে এবং মেট্রোপলিটন সিটি এলাকায় ৫ শতকের কম, সিটি কর্পোরেশন এলাকায় ১০ শতকের কম ও অন্যান্য এলাকায় ৭৫ শতকের কম জমির মালিক হতে হবে। এ সম্পর্কিত প্রত্যয়নপত্রে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও সিল থাকতে হবে।
- ৪। শিক্ষার্থীর শ্রেণি উপস্থিতি কমপক্ষে ৭৫% হওয়া।
- ৫। এসএসসি পরীক্ষার রেজিঃকার্ড ও মার্কশীটের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- ৬। অসম্পূর্ণ তথ্য বা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।


২৩.০৭.২০২০

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২৩/০৭/২০২০